

১৫০০ পিস ইয়াবসহ ২ জন আটক



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চলের বন্দর সার্কেলের একটি টিম ১৮/০৯/২০১৩ ইং তারিখ ২১:০০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে চট্টগ্রাম মহানগরীর চান্দগাঁও থানাধীন ৬৬২ নং খতিবের হাট, ছগির ম্যানশন মাহবুব মুন্সির বাড়ীর নীচ তলা আসামী নূর কবির (৪৭) এর ভাড়াকৃত বসত ঘর তল্লাশী করে বসত ঘরে রক্ষিত ওয়ার ড্রপের নিচের ড্রয়ার হতে ১৪০০(এক হাজার চারশত) পিস ইয়াবা ট্যাবলেট এবং নগদ ৩৯,০০০(উনচল্লিশ হাজার) টাকা উদ্ধার পূর্বক আসামী নূর কবির (৪৭), পিতা- মৃত ওসমান গনি, মাতা- হাজেরা বেগম, সাং-শিলবুনিয়া পাড়া, থানা-টেকনাফ, জেলা-

কক্সবাজারকে গ্রেফতার করা হয়।

একই তারিখে বন্দর সার্কেল কর্তৃক ১০০(একশত) পিস ইয়াবা ট্যাবলেটসহ মোঃ এনায়েত উল্লাহ(২৩), পিতা-মোঃ রবিউল্লাহ, মাতা-নূরজাহান বেগম, সাং করিয়া ঘোনা, মগপুকুর পাড় (দলিল মিয়ার বাড়ী), থানা-চকোরিয়া, জেলা-কক্সবাজারকে চট্টগ্রামস্থ সদরঘাট থানাধীন বি এস আর এম কর্পোরেট অফিসের সামনে থেকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামীগণ টেকনাফ থেকে বিভিন্ন কৌশলে চট্টগ্রামে ইয়াবা পাচার করে বলে জিজ্ঞাসাবাদে জানা যায়। গ্রেফতারকৃত আসামী নূর কবির পেশাদার ইয়াবা পাচারকারী দলের একজন সদস্য। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে চান্দগাঁও ও সদরঘাট থানায় পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে।

মুকুল জ্যোতি চাকমা
উপপরিচালক
চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চল
ফোন : ০৩১-৭১১৮৫২